

## শ্রীকৃষ্ণ কলেজ

বগুলা, নদিয়া (NAAC দ্বারা শংসাপ্রাপ্ত)

### 2020–2021 শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য :-

\* 2018-2019 শিক্ষাবর্ষে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী এর অধীনস্থ সমস্ত কলেজগুলিতে Three Year (six semester) B.A./B.Sc./B.Com. (Honours & Programme/General) Courses of Studies চালু হয়েছে। এই ব্যবস্থায় কলেজ নির্ধারিত বিষয়সমূহ থেকে একটি সাম্মানিক (Honours), দু'টি জেনেরিক (Generic) বিষয় এবং তার সঙ্গে AECC-এর দুটি বিষয় পড়তে হবে। এই দুটি বিষয়ের মধ্যে একটি (আবশ্যিক) পরিবেশবিদ্যা (ENVS) ও অপরটি **বাংলা** বা **ইংরেজি**র মধ্যে যে-কোনো একটি ভাষা। আবেদনকারীর পছন্দের সাম্মানিক ও জেনেরিক বিষয়ের সাপেক্ষে এই দুটি ভাষার মধ্যে কোনটি পড়তে হবে তা নির্ভর করবে।

\*\*বি.এ জেনারেলের ক্ষেত্রে কলেজ নির্ধারিত বিষয়সমূহ থেকে দুটি কোর (core) বিষয়, একটি জেনেরিক (Generic) বিষয় এবং তার সঙ্গে AECC -এর দুটি বিষয় পড়তে হবে। AECC বিভাগের নিয়ম সাম্মানিকের অনুরূপ এবং কলেজ নির্ধারিত হবে।

\*\*\*LCC ( Language Core Course) তে **ইংরেজি** প্রথম ও তৃতীয় সেমেস্টার এবং **বাংলা** দ্বিতীয় ও চতুর্থ সেমেস্টারে আবশ্যিক বিষয় হিসেবে পড়তে হবে।

\*\*\*\*প্রতি শিক্ষাবর্ষে ছয়মাস অন্তর একটি করে মোট দুটি ষাণ্মাসিক (সেমিস্টার) পরীক্ষা হবে।

- ক্লাসে কমপক্ষে 75 % উপস্থিতি না থাকলে পরীক্ষায় বসতে দেওয়া যাবে না।
- ভর্তির নির্দেশিকা পুরোটা খুঁটিয়ে পড়া হলে তবেই অনলাইন আবেদন করার কাজ শুরু করতে হবে। কেবলমাত্র 2018, 2019 ও 2020 সালে উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ করা ছাত্র-ছাত্রীরা এই বছরের স্নাতক স্তরের প্রথম বর্ষে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে পারবে <http://srikrishnacollegebagula.ac.in> ওয়েবসাইটের মাধ্যমে। এই লিঙ্কে গিয়ে Admission details পাওয়া যাবে <http://srikrishnacollegebagula.ac.in/admission-procedure.php>

## অনলাইনে ভর্তির জন্য আবেদন করার পদ্ধতি নিম্নরূপ:-

- Bill Desk-এ কেবলমাত্র 230 টাকা (Rs.230/-) ও সেই সঙ্গে চার্জ (Charge) জমা করে কেবলমাত্র দুটি অনার্স ও একটি জেনারেল/প্রোগ্রাম কোর্সের জন্য আবেদন করা যাবে।

\*\* অনলাইনে আবেদন করার সময়সীমা:-ইং 10.08.2020 তারিখ বেলা 10:00 থেকে 15.08.2020 তারিখ(রাত বারোটা বাজার আগে পর্যন্ত)। আবেদন করার সময় যে মোবাইল নম্বর দেওয়া থাকবে, ভর্তি প্রক্রিয়া চলাকালীন সেই নম্বরের পরিবর্তন করা যাবে না।

- সমস্ত অনার্স এবং জেনারেল/ প্রোগ্রাম বিষয়ে অসংশোধিত প্রাথমিক মেধা তালিকা 17.08.2020 তারিখ বিকেল 4-00 টায় প্রকাশিত হবে।

• প্রাথমিক মেধা তালিকার সংশোধন চলবে 17.08.2020 (বিকাল 4-00 টা: থেকে রাত্রি 8-00 টা পর্যন্ত) এবং 18.08.2020 তারিখ (সকাল 10-30টা: থেকে বিকেল 5-00 টা: পর্যন্ত) । অসংশোধিত মেধা তালিকায় কোনো ত্রুটি বা গড়মিল থাকলে আবেদনকারীকে কলেজে উপস্থিত হওয়ার প্রয়োজন নেই। হেল্পলাইনে যোগাযোগ করে সংশোধনের ব্যবস্থা থাকবে ।

- সব বিষয়ের অনার্স ও জেনারেলের চূড়ান্ত মেধা তালিকা প্রকাশিত হবে 19.08.2020 তারিখ সকাল 10-00 টায় ।

• শারীরশিক্ষা (Physical Education) বিষয়ে আবেদনকারীদের মাঠ-পরীক্ষা নেওয়া হবে না ।সংরক্ষণের বিধি অনুযায়ী সরাসরিভাবে অনলাইনে ভর্তির জন্য সুযোগ দেওয়া হবে।

- সংরক্ষণের বিধি অনুযায়ী প্রথম পর্যায়ে ভর্তি নেওয়া হবে : 19.08.2020 তারিখ বিকাল 5-00 টা: থেকে 22.08.2020 তারিখ রাত্রি 12-00 টা: পর্যন্ত ।

\* সংরক্ষণের বিধি অনুযায়ী পরবর্তী পর্যায়ে ভর্তির তারিখ গুলি :

দ্বিতীয় পর্যায় : 23.08.2020 থেকে 26.08.2020

তৃতীয় পর্যায় : 27.08.2020 থেকে 30.08.2020

চতুর্থ পর্যায় : 31.08.2020 থেকে 02.09.2020 - অধ্যক্ষ